

আজি এ নিরীলা কুঞ্জে আমার অঙ্গ-মাঝে
বরণের ডালা সেজেছে আলোকমালার সাজে ॥

নব বসন্তে লতায় লতায় পাতায় ফুলে
বাণীহিল্লোল উঠে প্রভাতের স্বর্ণকূলে,
আমার দেহের বাণীতে সে গান উঠিছে দুলে—
এ বরণগান নাহি পেলে মান মরিব লাজে ।
ওহে প্রিয়তম, দেহে মনে মম ছন্দ বাজে ॥

অর্ঘ্য তোমার আনি নি ভরিয়া বাহির হতে,
ভেসে আসে পূজা পূর্ণ প্রাণের আপন স্রোতে ।
মোর তনুময় উছলে হৃদয় বাঁধনহারা,
অধীরতা তারি মিলনে তোমারি হোক-না সারা ।
ঘন যামিনীর আঁধারে যেমন জ্বলিছে তারা,
দেহ ঘেরি মম প্রাণের চমক তেমনি রাজে—
সচকিত আলো নেচে উঠে মোর সকল কাজে ॥

Parjaay: Prem, Taal: Dadra, Style: Kirtan

Visit www.geetabitan.com for notation and other detail